



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, কালকিনি, মাদারীপুর
doict.kalkini.madaripur.gov.bd

স্মারকঃ ৫৬.০৪.৫৪৪০.০০০.২৩.০০১.২৩-২৫

তারিখঃ ২৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১২ অক্টোবর, ২০২৩ খ্রি.

বিষয়ঃ শেখ রাসেল দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৮/১০/২০২৩ খ্রি. তারিখে শেখ রাসেল দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে কালকিনি উপজেলায় নিম্নবর্ণিত বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে-

ক্রমিক	প্রতিযোগিতার নাম	বিষয়	যে শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে	তারিখ ও স্থান	সময়
০১	চিত্রাঙ্কন	আমার তুলিতে শেখ রাসেল	৩য়, ৪র্থ ও ৫ম	১৬/১০/২০২৩ খ্রি. সোমবার কালকিনি সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয় শেখ রাসেল ডিজিটাল ল্যাবরুম	সকাল ১০.০০ ঘটিকা
০২	কবিতা আবৃত্তি	কবিতা: রাসেল আছে বুকের মাঝে; লেখক: মহাদেব সাহা	৩য়, ৪র্থ ও ৫ম		সকাল ১০:৩০ ঘটিকা
০৩	রচনা	আমার চোখে শেখ রাসেল	৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণি		বেলা ১১:০০ ঘটিকা
০৪	প্রেজেন্টেশন প্রস্তুত	প্রিয় শেখ রাসেল [MS Powerpoint ব্যবহার করে প্রেজেন্টেশন তৈরি করতে হবে]	৯ম, ১০ম, একাদশ ও দ্বাদশ		বেলা ১১:৪৫ ঘটিকা
০৫	কুইজ	শেখ রাসেল ও আইসিটি বিষয়ক	৯ম, ১০ম, একাদশ ও দ্বাদশ		বেলা ১২:৩০ ঘটিকা


২। সকল প্রতিযোগিতা কালকিনি সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবরুমে অনুষ্ঠিত হবে।

৩। যে কোন শিক্ষার্থী একাধিক প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে, তবে যেকোন প্রতিযোগিতায় একটি শিক্ষা প্রতিষ্ঠান হতে ০৩ (তিন) জনের অধিক শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে না।

৪। সকল প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী শিক্ষার্থীদের আগামী ১৮/১০/২০২৩ খ্রি. তারিখে শেখ রাসেল দিবস-২০২৩ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পুরস্কার প্রদান করা হবে। ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী শিক্ষার্থীদের আবশ্যিকভাবে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থেকে পুরস্কার গ্রহণ করতে হবে।

৫। নির্ধারিত তারিখ ও সময়ে প্রতিযোগিতা শুরু হবে।

৬। শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের তালিকা আগামী ১৫/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে ই-মেইল (ap.doict.kalkini@gmail.com) অথবা হোয়াটসঅ্যাপে (01795837309) প্রেরণ এবং শিক্ষার্থীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রয়োজনীয় ববস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।


(পিংকি সাহা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি, শেখ রাসেল দিবস-২০২৩ উদযাপন কমিটি
কালকিনি, মাদারীপুর।

প্রধান শিক্ষক/সুপার/অধ্যক্ষ, সকল শিক্ষা প্রতিষ্ঠান, কালকিনি, মাদারীপুর।

স্মারকঃ ৫৬.০৪.৫৪৪০.০০০.২৩.০০১.২৩-২৫(৮)

তারিখঃ ২৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১২ অক্টোবর, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনে কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। জেলা প্রশাসক, মাদারীপুর।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালকিনি, মাদারীপুর।

৪। প্রোগ্রামার(জেলা আইসিটি অফিসার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মাদারীপুর।

৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর। [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৬। উপজেলা শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর। [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৭। প্রধান শিক্ষক, কালকিনি সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, কালকিনি, মাদারীপুর। [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৮। অফিস কপি।



(আরিফুল ইসলাম)

সহকারী প্রোগ্রামার

(উপজেলা আইসিটি অফিসার)

ও

সদস্য-সচিব, শেখ রাসেল দিবস-২০২৩ উদযাপন কমিটি

কালকিনি, মাদারীপুর।